

বাড়ির কাজ

বিদূষক

রবীন্দ্রনাথ ঠাকুর

১। নীচের প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নাও :

ক) 'বিদূষক' গল্পটির লেখক হলেন - শরৎচন্দ্র চট্টোপাধ্যায় / রবীন্দ্রনাথ ঠাকুর / সুভাষচন্দ্র।

খ) 'বিদূষক' গল্পের রাজ্যদুটির নাম হল -- কাঞ্চী ও কর্ণাট / কাঞ্চী ও সুরাট / কর্ণাট ও সুরাট।

গ) কর্ণাট জয় করতে গিয়েছিলেন --- সুরাটের রাজা / চিতোরের রাজা / কাঞ্চীর রাজা।

ঘ) কাঞ্চী ও কর্ণাটের যুদ্ধে জয়ী হয়েছিলেন --- কাঞ্চীর রাজা / কর্ণাটের রাজা / চিতোরের রাজা।

ঙ) চন্দন, হাতির দাঁত আর সোনা - মানিক বোঝাই করা হয়েছিল যে পশুর পিঠে সেটি হল --- হাতি / ঘোড়া / উট।

চ) 'বিদূষক' গল্পে যে মন্দিরের কথা আছে তা হল --- বালাজী মন্দির / ভূতনাথ মন্দির / বলেশ্বরী মন্দির।

ছ) কাঞ্চীর রাজা মন্দিরে যা ভাসিয়ে পূজো দিয়েছিলেন তা হল --- দুধ / রক্ত / চন্দন।

জ) রাজার গলায় যে ফুলের মালা ছিল সেটি হল --- রজনীগন্ধা / জবা / মালতী।

ঝ) রাজার কপালে ছিল --- সাদা চন্দনের তিলক / লাল চন্দনের তিলক / রক্ত চন্দনের তিলক।

ঞ) পথের ধারে আমবাগানে খেলা করছিল --- খেলোয়াড়রা / মেয়েরা / ছেলেরা।

ট) পূজো দিয়ে রাজার সঙ্গে চলেছিলেন --- মন্ত্রী আর বিদূষক / রাজা নিজে / রাজা আর মন্ত্রী।

ঠ) ছেলেরা পুতুল সাজিয়ে যুদ্ধ যুদ্ধ খেলাছিল --- একসারি / দুইসারি / তিনসারি।